
Daily Industry, (P-3), dt:- 24/10/16



বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
গ্রন্থাগার
তারিখ.................
গাজীপুর-১৭০১

# BRRI gets Digital World Award

**Industry Desk:** Bangladesh Rice Research Institute (BRRI) has got Digital World Award 2016 for its performance in providing innovative services through ICT related activities. It is an award which is given for good performance in the fields of information and communication technology. BRRI has got the award at the concluding ceremony of the three-day digital exposition held in the Boshundhara Convention Centre in Dhaka. Finance Minister Abul Mal Abdul Muhith handed over the award to BRRI DG Dr Bhagya Rani Banik on Friday (21 October 2016).

BRRI activities in the fields of ICT and e-agriculture include Rice Knowledge Bank mobile apps, exceptional website, local area network (LAN) for its scientists and officials, providing them with digital signature, own webmail, group mail, own Face book page named 'BRRI Networks', personal database, Skype account for video conferencing, e-tender, e-filing and digital archive related activities. Rice knowledge Bank mobile apps are a dynamic online hub of information based on cell phone. It is useful to the agriculture officials and farmers. BRRI also runs a different website using the same name BRKB that contains all the BRRI related information including its books and other extension materials. Digital signature is a service which is used by the BRRI scientists and officials. Similarly BRRI Face book page is also used by them. BRRI officials are connected with other agriculture related web pages such as krishi Bhabna, public service innovation, and national portal framework etc.

কোন কোম্পানি মন্দুরের জন্য প্রকাশন
যায়যায়দিন
১৯৮৪ থেকে

তারিখঃ ২৪/১০/২০১৬ (পৃঃ১৬)

# ডিজিটাল ওয়ার্ল্ড পুরস্কার পেয়েছে ধান গবেষণা

যাযাদি রিপোর্ট

আইসিটি কর্মকাণ্ডের মাধ্যমে উদ্ভাবনী সেবা প্রদানে উৎকর্ষের স্বীকৃতিস্বরূপ জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি পুরস্কার 'ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৬' পেয়েছে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি)।

তিনদিনব্যাপী ডিজিটাল মেলার সমাপনী দিনে শুক্রবার রাজধানীর বসুন্ধরা কনভেনশন সেন্টারে এক অনুষ্ঠানে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত ব্রির মহাপরিচালক ড. ভাগ্য রানী বণিকের হাতে এ পুরস্কার তুলে দেন।

এ সময় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক উপস্থিত ছিলেন।

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের প্রকাশনা ও জনসংযোগ বিভাগের প্রধান-প্রযুক্তি সম্পাদক এমএ কাসেম জানান, আইসিটি ও ই-কৃষি বিস্তারে ব্রির উল্লেখযোগ্য কার্যক্রম, সাফল্য ও উদ্যোগের মধ্যে রয়েছে রাইস নলেজ

পৃষ্ঠা ১৫ কলাম ৭

কোন কোনো মজুরের জন্য প্রকাশনা
যায়যায়দিন
১৯৮৪ থেকে

তারিখ ঃ২৪/১০/২০১৬ (পৃঃ ১৫)

# ধান গবেষণা

*(শেষ পৃষ্ঠার পর)*

ব্যাংকে মোবাইল অ্যাপস, স্বতন্ত্র ওয়েবসাইট, বিজ্ঞানী ও কর্মকর্তাদের জন্য লোকাল এরিয়া নেটওয়ার্ক (ল্যান) স্থাপন, ডিজিটাল স্বাক্ষর সার্টিফিকেট বিতরণ, নিজস্ব ওয়েবমেইল, গ্রুপ মেইল, ব্রি নেটওয়ার্কস নামে নিজস্ব ফেসবুক, পার্সোনাল ডাটাবেজ, ভিডিও কনফারেন্সের জন্য স্কাইপি অ্যাকাউন্ট, ই-টেন্ডার, ই-ফাইলিং, নিজস্ব ওয়েবপোর্টালে ডিজিটাল আর্কাইভের কার্যক্রম।

রাইস নলেজ ব্যাংকে মোবাইল অ্যাপস মূলত ডায়নামিক মোবাইল অ্যাপস, যা মোবাইলভিত্তিক অনলাইন জ্ঞানভাণ্ডার। আধুনিক ধান চাষ, উৎপাদন প্রযুক্তি ও কৌশলের সমন্বয়ে তৈরি অ্যাপসটি একটি শক্তিশালী মাধ্যম হিসেবে ধান চাষের প্রয়োজনীয় জ্ঞান ও প্রযুক্তি কৃষকসহ দেশের আপামর কৃষিজীবীদের কাছে পৌঁছে দিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

বিআরকেবি শীর্ষক স্বতন্ত্র ওয়েবসাইটটিতেও আধুনিক ধান চাষ সম্পর্কিত যাবতীয় প্রযুক্তি ও তথ্য সন্নিবেশিত আছে।

ডিজিটাল স্বাক্ষর সার্টিফিকেট বিতরণে প্রথম পর্যায়ে ব্রি বিজ্ঞানী ও কর্মকর্তাকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন কন্ট্রোলার অব সার্টিফাইড অথরিটি (সিসিএ) কর্তৃক ডিজিটাল স্বাক্ষর সার্টিফিকেট বিতরণ করা হয়েছে। ব্রির আইসিটি কার্যক্রমের আওতায় সকল বিজ্ঞানী ও কর্মকর্তাদের জন্য নিজস্ব ওয়েবমেইল তৈরি করা হয়েছে এবং বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)-এর সার্ভারে তা সংরক্ষণ করা হয়েছে।

ব্রি নেটওয়ার্কস নামে নিজস্ব একটি ফেসবুক তৈরি করে ব্রির বিজ্ঞানী ও কর্মকর্তাদের এ ফেসবুক গ্রুপে যুক্ত করা হয়েছে।

এ ছাড়াও কৃষি মন্ত্রণালয়ের ফেসবুক গ্রুপ কৃষি ভাবনা, পাবলিক সার্ভিস ইনোভেশন ন্যাশনাল পোর্টাল ফ্রেমওয়ার্ক গ্রুপের সঙ্গে ব্রি নেটওয়ার্ক সক্রিয়ভাবে যুক্ত। ব্রির সকল বিজ্ঞানী কর্মকর্তা, কর্মচারীদের পার্সোনাল ডাটাশিট (পিডিএস) ডাটাবেজ আকারে তৈরি করা হয়েছে, যা ব্রির ওয়েবসাইটে প্রদর্শিত হচ্ছে।

ব্রির সকল বিভাগীয় প্রধান, শাখাপ্রধান এবং আঞ্চলিক কার্যালয় প্রধানদের গবেষণার স্বার্থে ভিডিও কনফারেন্সের জন্য স্কাইপি অ্যাকাউন্ট প্রদান করে প্রয়োজনানুযায়ী ভিডিও কনফারেন্স হচ্ছে। নার্সভুক্ত প্রতিষ্ঠানগুলোর মধ্যে ব্রি সর্বপ্রথম ই-টেন্ডার প্রক্রিয়া শুরু করেছে। ব্রির নার্সভুক্ত প্রতিষ্ঠানগুলোর মধ্যে সর্বপ্রথম ই-ফাইলিং প্রক্রিয়া শুরু করেছে এবং প্রক্রিয়াটি চলমান।

হেরিটেজ নামে ব্রির নিজস্ব ওয়েবপোর্টালে একটি ডিজিটাল আর্কাইভ রয়েছে যেখানে সকল অবসরপ্রাপ্ত বিজ্ঞানী, কর্মকর্তা-কর্মচারীদের ছবিসহ সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত সংযুক্ত।

সামগ্রিকভাবে এবারের মেলায় অংশগ্রহণকারী প্রায় সকল মন্ত্রণালয় ও দপ্তর-অধিদপ্তরসমূহের মধ্যে এককভাবে ব্রি এই পুরস্কার পেয়েছে।

যুগান্তর
THE DAILY JUGANTOR

তারিখ ঃ ২৪/১০/২০১৬ (পৃঃ ১৭)

# ডিজিটাল ওয়ার্ল্ড পুরস্কার পেল ব্রি

গাজীপুর প্রতিনিধি

আইসিটি কর্মকাণ্ডের মাধ্যমে উদ্ভাবনী সেবা প্রদানে উৎকর্ষের স্বীকৃতিস্বরূপ জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি পুরস্কার ডিজিটাল ওয়ার্ল্ড-২০১৬ পেয়েছে বাংলাদেশ ধান গবেষণা ইন্সটিটিউট (ব্রি)। ৩ দিনব্যাপী ডিজিটাল মেলার সমাপনী দিনে শুক্রবার রাজধানীর বসুন্ধরা কনভেনশন সেন্টারে এক অনুষ্ঠানে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত ব্রির মহাপরিচালক ড. ভাগ্য রানী বণিকের হাতে এ পুরস্কার তুলে দেন। এ সময় আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক উপস্থিত ছিলেন। ব্রি'র প্রকাশনা ও জনসংযোগ বিভাগের প্রধান প্রযুক্তি সম্পাদক এমএ কাসেম জানান, আইসিটি ও ই-কৃষি বিস্তারে ব্রির উল্লেখযোগ্য কার্যক্রম, সাফল্য ও উদ্যোগের মধ্যে রয়েছে রাইস নলেজ ব্যাংক মোবাইল অ্যাপস, স্বতন্ত্র ওয়েবসাইট, বিজ্ঞানী ও কর্মকর্তাদের জন্য লোকাল এরিয়া নেটওয়ার্ক (ল্যান) স্থাপন, ডিজিটাল স্বাক্ষর সার্টিফিকেট বিতরণ, নিজস্ব ওয়েবমেইল, গ্রুপ মেইল, 'ব্রি নেটওয়ার্কস' নামে নিজস্ব ফেসবুক, পার্সোনাল ডাটাবেজ, ভিডিও কনফারেন্সের জন্য স্কাইপি অ্যাকাউন্ট, ই-টেন্ডার, ই-ফাইলিং, নিজস্ব ওয়েবপোর্টালে ডিজিটাল আর্কাইভের কার্যক্রম।